দৈনিক বাংলা

তারিখ 01 MAY 1993
পৃষ্ঠা ৫ কলাম ৮

## বিকম পরীক্ষায় ভুল প্রশ্নপত্র

বিগত ৭–৪–৯৩ইং তারিখে অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিকম (পাস ও সাবঃ) পরীক্ষার হিসাব বিজ্ঞান দ্বিতীয় পত্রের ৩ নং প্রশ্নের 'খ' অংশে বাংলায় চাওয়া হয়েছে 'লাভ–লোকসান হিসাব এবং উদ্বৃত্তপত্র প্রস্তুত কর।' কিন্তু ঐ একই প্রশ্নের ইংরেজী Version-এ চাওয়া হয়েছে Prepare Trading and Profit and Loss A/c. এখানে Balance চাওয়া হয়নি। সুতরাং যেসব ছাত্র ইংরেজীতে প্রশ্নের উত্তর তারা সবাই প্রশ্ন অনুযায়ী উত্তর দিয়েছে। এটা যদি ভুল হয় তা হলে এ ভুলের জন্য অবশ্যই ছাত্ররা দায়ী হতে পারে না। তাই প্রশ্ন অনুযায়ী সঠিক উত্তরদাতা ছাত্র–ছাত্রীরা যাতে ঐ প্রশ্নের পূর্ণ নম্বর পেতে পারে সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

এম এ কালাম
সিটি কমার্স টিউটোরিয়াল হোম
আরামবাগ, ঢাকা–১০০০